



২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তির প্রাথমিক আবেদন
ফরম উত্তোলন ও ফি জমাদান সংক্রান্ত বিজ্ঞপ্তি (চট্টগ্রাম কলেজ কোড-৪৩০১)

তারিখ : ২৮.১০.২০২৬ খ্রি.

চট্টগ্রাম কলেজে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০২৪-২০২৫/৫৯৪২ নং স্মারকে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ২৭.১০.২০২৬ খ্রি. তারিখ বিকাল ৪:০০ টা থেকে শুরু হয়ে ১৯.১১.২০২৬ খ্রি. তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions হতে Apply Now (Masters Preli) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) কোর্সে ভর্তির প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করা যাবে। চট্টগ্রাম কলেজে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীরা প্রাথমিক আবেদন ফরম সংগ্রহের পর আগামী ২১.১১.২০২৬ খ্রি. তারিখ রাত ১২:০০ টার মধ্যে উপায়/রকেট/বিকাশ/সোনালী ই-ওয়ালেট/সেলপিন অ্যাপস এর মাধ্যমে উল্লিখিত তারিখের মধ্যে নির্ধারিত ফি ১০০০.০০ (এক হাজার) টাকা জমা প্রদান করতে পারবে।

ভর্তির আবেদন নির্ধারিত ফি ১০০০.০০ টাকা জমাদান নিম্নরূপ :

১। প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার পর প্রথমে কলেজের ভর্তি ওয়েবসাইটে <https://ctgcolleg.eshiksabd.com> লিংকে প্রবেশ করে ইউজার আইডি ও পাসওয়ার্ড **ctgstudent** লগইন করতে হবে। এর পর Apply for Application Form এ ক্লিক করে প্রথমে Select Application Form Group এ **Preliminary to Masters Application Form** সিলেক্ট করে NU Admission এর ০৭ (সাত) ডিজিটের রোল নম্বর, Student Name ও শিক্ষার্থীর মোবাইল নম্বর লিখে Submit এ ক্লিক করে নিম্নোক্ত নিয়মে ফি পরিশোধ করতে হবে।

২) উপায়/রকেট/বিকাশ/সোনালী ই-ওয়ালেট অ্যাপসে লগইন করতে হবে।

- উপায়/বিকাশ অ্যাপসে এডুকেশন ফি (Education fee) সিলেক্ট করতে হবে।
- রকেট অ্যাপসে পে বিল সিলেক্ট করতে হবে।
- কলেজ ট্যাপ করে Chittagong College সিলেক্ট করতে হবে।
- স্টুডেন্ট আইডি নম্বরের জায়গায় ডাউনলোডকৃত আবেদন ফরমের ০৭ (সাত) ডিজিটের রোল নম্বর দিতে হবে।
- টাকার পরিমাণ চেক করে ফি পরিশোধ করতে হবে।

৩) ফি পরিশোধ সফল হলে প্রাপ্ত ট্রান্সজেকশন আইডি ও মোবাইল নম্বর আবেদন ফরমে লিখে এবং পেমেন্টের স্লিপ প্রিন্ট করে ফরমটি পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত নিজের কাছে সংরক্ষণ করতে হবে।

৪. (i) ২২.১১.২০২৬ খ্রি. তারিখ বিকাল ৪:০০ টার মধ্যে প্রাথমিক আবেদন এর নিশ্চয়নের SMS না পেলে ভর্তি রোল নম্বর এবং পিন কোড দিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট www.nu.ac.bd.admissions এ গিয়ে Applicant Login করে প্রাপ্ত Panel এ View Application অপশনে Status: **Received** থাকলে আবেদন সম্পন্ন হয়েছে বিধায় তাকে কলেজে যোগাযোগ করতে হবে না।

(ii) View Application অপশনে Status: **Submitted** লাল রং থাকলে আগামী ২২.১১.২০২৬ খ্রি. তারিখ দুপুর ৩:০০ টার মধ্যে প্রাথমিক আবেদন ফরম এবং ফি জমার রশিদসহ প্রশাসনিক ভবন-এর অফিস কক্ষ নম্বর প্র-১০৪ এ জনাব মোঃ গোলাম রহমান এর সাথে যোগাযোগ করার জন্য নির্দেশ দেয়া হলো।

প্রতি স্বাক্ষর:

(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)

আইডি নম্বর : ০০০০৮৫২৮

অধ্যক্ষ

চট্টগ্রাম কলেজ চট্টগ্রাম।

(প্রফেসর নাসির উদ্দিন আহমদ)

বিভাগীয় প্রধান, রাষ্ট্রবিজ্ঞান

এবং

আহবায়ক

প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কমিটি (২০২৪-২০২৫)

চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম